গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিম
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
E-mail : pbgsedp2021@gmail.com

স্মারক নম্বর: পিবিজিএসআই/এসইডিপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩১/২০২১/ ২৮৯

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগষ্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিমের আওতায় বিতরণকৃত "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG) " এর খাতভিত্তিক অর্থের উপর আয়কর ও ভ্যাট কর্তন এবং বিল ভাউচার স্কিম দপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিমের আওতায় ২০২২-২৩ অর্থবছরে "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" হিসেবে ৫০০০ প্রতিষ্ঠানে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে অর্থ প্রদান করা হয়েছে। উক্ত অনুদানের খাতভিত্তিক অর্থের উপর আয়কর কর্তনের বিষয়ে সংযুক্ত জাতীয় রাজস্ব বোর্ডের সুপারিশ অনুসরণপূর্বক আয়কর কর্তন এবং সকল খাতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট কর্তন করতে হবে। আয়কর ও ভ্যাটের অর্থ অনতিবিলম্বে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে বিল ভাউচারের অনুলিপি স্কিম দপ্তরে (রুম নং ৭০৮, শিক্ষা ভবন ২য় ব্লক, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা) প্রেরণ করতে হবে। বিষয়টি SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র ২ পাতা

22/08/2023
(প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ)
স্কিম পরিচালক
ফোন নম্বর: ০২-২২৬৬৩৭৩০০

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা ------------------
জেলা ----------------------

স্মারক নম্বর: পিবিজিএসআই/এসইডিপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩১/২০২১/ ২৮৯

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগষ্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়)।

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা শিক্ষা অফিসার (সকল)।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান।
৮। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সংরক্ষণ নথি।

22/08/2023
(শাহানাজ পারভীন কাজল)
উপপরিচালক
মোবাইল নম্বর: ০১৮১৭-০৬০৬৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
[কর নীতি উইং]
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০১৯.২৩/৩১৪

তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)" স্কিম এর আওতাভুক্ত বিতরণকৃত অনুদান/পুরস্কার এর অর্থের উপর আয়কর কর্তনের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম (পিবিজিএসআই), এসইডিপি এর স্মারক নং- পিবিজিএসআই/এসইডিপি/প্রশাসন/০১/২০২০/২৩৩, তারিখ: ২৬/০৬/২০২৩ খ্রি.।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো ।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম (পিবিজিএসআই), এসইডিপি কর্তৃক বাস্তবায়নাধীন "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)" স্কিম এর আওতাভুক্ত বিতরণকৃত অনুদান/পুরস্কার এর অর্থের উপর আয়কর কর্তনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট মতামত চাওয়া হয়েছে। বিষয়টি পরীক্ষান্তে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং নিম্নরূপ মতামত প্রদান করছেঃ

(ক) "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিম" এর আওতায় মাধ্যমিক পর্যায়ের (ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী) শিক্ষার্থী, শিক্ষক এবং শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত মানদন্ডেরভিত্তিতে পুরস্কার/অনুদান প্রদানের সংস্থান এর ক্ষেত্রে সুবিধাভোগী প্রতিষ্ঠানে **"স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)", "উপজেলা/থানা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার (UBSA/TBSA)", "উচ্চ মাধ্যমিক/আলিম সমাপনী পুরস্কার (HSCA/ACA)", "উপজেলা/থানা শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার (UBTA/TBTA)"** এবং **"ব্যবস্থাপনা পুরস্কার (MA)"** খাতে বিতরণকৃত অর্থ অনুদান/পুরস্কার ক্যাটাগরির হওয়ায় সুবিধাভোগী প্রতিষ্ঠানসমূহকে অর্থ পরিশোধের ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এর ষষ্ঠ তফসিলের অংশ-১ এর দফা ৩০ অনুযায়ী মোট আয় পরিগণনায় অন্তর্ভুক্ত না হওয়ায় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না;

(খ) "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান" এর অর্থের ব্যয়ের খাতভিত্তিক বিভাজন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষকবৃন্দের জন্য প্রণোদনা হিসেবে পরিশোধিত অর্থ সম্মানী প্রকৃতির হওয়ায় এর উপর উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি-৪ এর সারণীর ক্রমিক নং-০৬ অনুযায়ী ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে;

(গ) **"বইপত্র-লাইব্রেরী, শিক্ষা উপকরণ এবং গবেষণার সরঞ্জাম ইত্যাদি", "ছাত্র-ছাত্রী বিশেষ করে ছাত্রীদের জন্য স্কুল/কলেজ/ মাদ্রাসা ফ্যাসিলিটি (অবকাঠামো, বিশুদ্ধ পানি, শৌচাগার, কমনরুম ইত্যাদি)"** ও **"প্রতিবন্ধী বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ফ্যাসিলিটি উন্নয়ন "** এ বর্ণিত ব্যয়ের খাতসমূহে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৩ এর উপ-বিধি ১ (ক) মোতাবেক প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে;

(ঘ) **"সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সহায়তা ব্যয়"** এ বর্ণিত ব্যয়ের খাতে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সহায়তা ব্যয় দাতব্য প্রকৃতির হওয়ায় অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

মোঃ মহিদুল ইসলাম চৌধুরী ২০/০৮/২০২৫
দ্বিতীয় সচিব (কর আইন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**প্রাপক:**
স্কিম পরিচালক
পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম (পিবিজিএসআই)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা, বাংলাদেশ।

অনুলিপিঃ
০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সিপিইউ, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।